

ঢাকা ওয়াসা

১।
২।
৩।

মডস জোন-২ এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
ঠিকাদারী প্রতিষ্ঠান হতে প্রাপ্ত কোটেশনের কপি।
প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয়ঃ Cleaning and Washing of sand & stone for Rapid Sand Filter bed no 5 & 6 of CWTP, Dhaka WASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। সংযুক্ত ক্রঃ নং ০১ হতে ০৩ দয়া করে দেখা যেতে পারে। চাঁদনীঘাট পানি শোধনাগারের পানি পরিশোধন প্রক্রিয়ার সর্বশেষ ধাপে ৮টি র‍্যাপিড স্যান্ড ফিল্টার রয়েছে। বুড়িগঙ্গা নদীর পানির কোয়ালিটি অর্থাৎ 'র' ওয়াটার তুলনামূলক খারাপ হওয়ায় পানিতে স্লাজসহ অন্যান্য পার্টিকেল এর পরিমান বেশি থাকে। ট্রিটমেন্ট প্রক্রিয়ায় প্রসেস কেমিক্যাল হিসেবে ক্লোরিন, এলাম ও পলিমার ব্যবহারের ফলে বিভিন্ন ধাপে পানি পরিশোধিত হয়ে সর্বশেষ ধাপে র‍্যাপিড স্যান্ড ফিল্টারে যায়। ফ্লোকুলেশন বেসিন ও সেডিমেন্টেশন বেসিনের মাধ্যমে পানি পরিশোধিত হওয়ার পরেও পানিতে কিছু পরিমান সাসপেন্ডেড সলিড ও অন্যান্য ইমপিউরিটিজ থাকে। যা ফিল্টারে আটকিয়ে গিয়ে পানি শতভাগ পরিশোধিত হয়ে রিজার্ভারে জমা হয়। উক্ত সাসপেন্ডেড সলিড ও অন্যান্য ইমপিউরিটিজ স্যান্ড ফিল্টারে আটকানোর ফলে ফিল্টারের হেড লস বৃদ্ধি পায় এবং নির্দিষ্ট সময় পরপর ফিল্টার ব্যাকওয়াশের মাধ্যমে ফিল্টার সম্পূর্ণরূপে ক্লিনিং করা যায় না। সেই কারনে আস্তে আস্তে ফিল্টারের বালুর লেয়ারের উপরে স্লাজ, স্লারি জমে ফিল্টার জ্যাম হয়ে ফিল্ট্রেশন রেট কমে যায়। সেই কারনে প্রতি বছর ফিল্টারের বিদ্যমান বালু উত্তোলন ও ক্লিনিং করে পুনরায় রিফিলিং করা প্রয়োজন। এছাড়া পরিশোধিত পানির গুণগতমান ফিল্টারের কার্যকারীতার উপর অনেকাংশ নির্ভরশীল বিধায় ফিল্টারে Sodium Hypo Chloride (5.25%) কেমিক্যাল ব্যবহার করে ফিল্টার বেড জীবানু মুক্ত রাখা হয়। অন্যদিকে রিসিডিং ওয়েল ও মিক্সিং বেসিনে প্রতিনিয়ত স্লাজ, শ্যাওলা, জিটারজেন্ট জমে বিধায় পরিশোধিত পানি সরবরাহের স্বার্থে এগুলো সার্বক্ষণিক পরিষ্কার পরিচ্ছন্ন রাখা প্রয়োজন। উক্ত কাজটি করার লক্ষ্যে ৩(তিন)টি ঠিকাদারী প্রতিষ্ঠান হতে প্রাপ্ত কোটেশনের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রঃ নং-৩ দ্রঃ)। যাহাতে টাকার পরিমান ট= ৪,৯৬,৩৫৮.৯৫২/- (চার লক্ষ ছিয়ানব্বই হাজার তিনশত আটান্ন দশমিক নয় পাঁচ দুই) মাত্র। উক্ত কাজের খরচ মডস জোন-২ এর ২০২৫-২৬ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাত হতে বাজেটভুক্ত করা যেতে পারে। কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সিরিয়াল নং-৯৪, প্যাকেজ নং- ডব্লিউ-১৬ তে ধরা আছে।

২। এমতাবস্থায়, Cleaning and Washing of sand & stone for Rapid Sand Filter bed no 5 & 6 of CWTP, Dhaka WASA কাজটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে পিপিআর ২০০৮ এর বিধি ৬৩ অনুসরনে LTM(e-GP) পদ্ধতিতে সম্পাদনের জন্য সর্বমোট ট= ৪,৯৬,৩৫৮.৯৫২/- (চার লক্ষ ছিয়ানব্বই হাজার তিনশত আটান্ন দশমিক নয় পাঁচ দুই) টাকার প্রাক্কলনটি সদয় অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য আলোচ্য প্রাক্কলনের অনুমোদন প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাভুক্ত।

২৬/০২/২৫
মোঃ ওমর ফারুক
উপ-সহকারী প্রকৌশলী
ঢাকা ওয়াটার ওয়ার্কস
মডস জোন-২, ঢাকা ওয়াসা

২৬/০২/২৫
মোঃ ইলিয়াস হোসেন
সহকারী প্রকৌশলী
ঢাকা ওয়াটার ওয়ার্কস
মডস জোন-২, ঢাকা ওয়াসা

২৫/০২/২০২৫
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।

SE(MODS-1)

৩। প্রতি ৩০৬ হতে ০২ (দুই) এর cleaning & washing কাজের
সঙ্গে ওয়-২ এর স্যান্ড ফিল্টারের কাজের সঙ্গে সঙ্গে।

২৫/০২/২৫
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

অনুমোদিত
২৬/০২/২৫
প্রকৌশলী মোঃ আব্দুল সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।